



জাতীয় বিশ্ববিদ্যালয়ে ২৭ বছরে ৫০ লাখ শিক্ষার্থীর গ্রাজুয়েট ডিগ্রী

স্টাফ রিপোর্টার, গাজীপুর ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ বলেন, ২১ অক্টোবর জাতীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ২৭ বছর। ১৯৯২ সালে জাতীয় সংসদে একটি এ্যাক্টের মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা লাভ করে। প্রতিষ্ঠালগ্নে বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজের সংখ্যা ছিল ৬শ' ৫৭টি। আর শিক্ষার্থী সংখ্যা ছিল প্রায় ২ লাখ ৪৫ হাজার। বিগত ২৭ বছরে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরিসর অনেক বৃদ্ধি পেয়েছে।

বর্তমানে এই বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজের সংখ্যা ২ হাজার ২শ' ৬০টি। শিক্ষার্থী সংখ্যা ২৮ লাখ, আর শিক্ষক সংখ্যা ৬০ হাজার। জাতীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার শুরু থেকে ২৭ বছরে প্রায় ৫০ লাখ শিক্ষার্থী গ্রাজুয়েট ডিগ্রী লাভ করেছেন।

সোমবার সকালে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে গাজীপুরে মূল ক্যাম্পাসে আয়োজিত এক আলোচনা সভায় সভাপতির বক্তব্যে ভিসি এসব কথা বলেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাজীপুর সিটি কর্পোরেশনের (জিসিসি) মেয়র মোহাম্মদ জাহাঙ্গীর আলম। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. আব্দুল মান্নান আকন্দ।

সভাপতির ভাষণে উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ আরও বলেন, দুর্বিষহ সেশনজট নিরসনের পর আজ আমাদের সামনে বড় চ্যালেঞ্জ হচ্ছে মানসম্মত শিক্ষা নিশ্চিত করা। ২০১৩ সালে বর্তমান প্রশাসনের দায়িত্বভার গ্রহণের পর বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ও শিক্ষা কার্যক্রম টেলে সাজানোর উদ্যোগ গ্রহণ করা হয়। এরই অংশ হিসেবে প্রশাসনিক কার্যক্রম বিকেন্দ্রীকরণ করা হয়। বর্তমানে বিশ্ববিদ্যালয়ের সকল কার্যক্রম প্রায় শতভাগ আইটিভিত্তিক পরিচালিত হচ্ছে। শিক্ষক-শিক্ষার্থীদের তাৎক্ষণিক তথ্য সরবরাহে ই-ফাইলিং এবং মোবাইল এ্যাপস চালু করা হয়েছে।

বাউবি

এদিকে গাজীপুর সিটি কর্পোরেশনের মেয়র মোঃ জাহাঙ্গীর আলম বলেছেন, একজন মানুষের শিক্ষা লাভের কোন বয়স নেই, উন্মুক্ত বিশ্ববিদ্যালয় তা প্রমাণ করেছে। এ বিশ্ববিদ্যালয়টি সকল বয়সের মানুষের শিক্ষা লাভের জন্য সুবর্ণ সুযোগ সৃষ্টি করে দিয়েছে। বিশ্ববিদ্যালয়টি শিক্ষা প্রদানের ক্ষেত্রে একটি প্রদীপ হিসেবে কাজ করেছে। যারা বিভিন্ন কারণে নিয়মিত শিক্ষা লাভ করতে পারেননি অথবা বয়সের কারণে শিক্ষাঙ্গন থেকে বাদ পড়েছেন তারাই এ বিশ্ববিদ্যালয়ে শিক্ষা লাভের সুযোগ পাচ্ছেন।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ২৭তম বার্ষিকী উপলক্ষে সোমবার সকালে বিশ্ববিদ্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মেয়র এসব কথা বলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এম এ মাননান।

SAMSUNG

Galaxy A30s



সাবধানবাণী: বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লিঃ ও জনকণ্ঠ লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডিএ ৭৯৬।

কার্যালয়: জনকণ্ঠ ভবন,
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন,
জিপিও বাক্স: ৩৩৮০, ঢাকা।

ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহ্যান্ডিং ২০ টি লাইন),
ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫
ই-মেইল: janakanthanews@gmail.com
ই-জনকণ্ঠ: www.edailyjanakantha.com

আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম): মান্নান ভবন (দোতলা),
১৫৬ নুর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

Copyright © All rights reserved by dailyjanakantha.com